

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**
Date : 15-10-2025
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

PM-'Mera Booth Sabse Majboot' :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ দলের বুথ স্টোরের কর্মীদের সঙ্গে একটি মতবিনিময় অধিবেশনের মাধ্যমে বিহার বিধানসভা নির্বাচনের প্রচার শুরু করবেন। শ্রী মোদী মেরা বুথ সবসে মজবুত প্রচার কর্মসূচির অধীনে দলীয় কর্মীদের সাথে মতবিনিময় করবেন।

২৪৩ সদস্যক বিহার বিধানসভা নির্বাচন আগস্ট মাসের ৬ এবং ১১ তারিখে দুই ধাপে অনুষ্ঠিত হবে। ভোট গণনা হবে ১৪ নভেম্বর।

Courtsey Meet :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল নতুন দিল্লিতে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জেপি নাহার সঙ্গে রাজ্যের স্বাস্থ্য পরিকাঠামো সম্প্রসারণের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। আলোচনাকালে পিপিপি মডেলে ধলাই জেলার কুলাই-এ একটি মেডিকেল কলেজ ও আগরতলায় একটি অত্যাধুনিক ব্যবস্থা সম্পন্ন চক্র হাসপাতাল স্থাপন এ.জি.এম.সি-জি.বি.পি হাসপাতালে অঙ্গ প্রতিস্থাপন পরিষেবার জন্য ইমিউনোলজি ল্যাব স্থাপন, এ.জি.এম.সি-র সুপার স্পেশালিটি রুকে উন্নত চিকিৎসা সরঞ্জামের জন্য তহবিল প্রদান এবং আয়ুগ্রান্ত ভারত প্রধানমন্ত্রী জনআরোগ্য যোজনায় অতিরিক্ত তহবিল প্রদান করা ইত্যাদি বিষয়গুলি প্রাধান্য পায়।

Peyajal Samvad :

জল শক্তি মন্ত্রকের পানীয় জল ও স্বাস্থ্যবিধি বিভাগ, DDWS গতকাল জেলা সমাহর্তাদের প্রথম 'পেয়জল সংবাদ' আয়োজন করেছে যার লক্ষ্য জল জীবন মিশনের অধীনে জেলা-নেতৃস্বাধীন শাসনব্যবস্থা জোরদার করা এবং জেলাগুলির মধ্যে উন্নয়ন প্রচার করা। অনুষ্ঠানে DDWS-এর সচিব অশোক কে কে মীনা বলেন যে জল জীবন মিশনের অধীনে, ৪১ শতাংশেরও বেশি গ্রামীণ পরিবারকে আনা হয়েছে এবং মিশন প্রাতিষ্ঠানিক একীকরণ, দায়বদ্ধতা এবং স্থায়িভাবের উপর গুরুত্ব আরোপ করে তার পরবর্তী পর্যায়ে প্রবেশ করেছে। তিনি বলেন, এই পেয়জল সংবাদ মানসম্পন্ন এবং অনুসরণযোগ্য মডেলগুলি চিহ্নিত করার সুযোগ করে দেয় যা বিভিন্ন রাজ্যে পারস্পরিক শিক্ষাকে অনুপ্রাণিত করতে পারে এবং নীতিগত উন্নতির দিকে পরিচালিত করতে পারে। অনুষ্ঠান চলাকালীন, মেঘালয়ের পূর্ব থাসি পাহাড়, ওড়িশার গঙ্গাম, মহারাষ্ট্রের রঞ্জিগিরি, আসামের চৱাইদেও, ছত্রিশগড়ের ধামতারি জেলা এবং উত্তর ত্রিপুরার জেলা সমাহর্তারা সুস্থায়ী গ্রামীণ জল পরিষেবা সরবরাহের জন্য উন্নয়নী জেলা-স্তরের উদ্যোগগুলি উপস্থাপনা করেন।

* * * * *

Operation Sindoor :

সেনাবাহিনীর উপ-প্রধান লেফটেন্যান্ট জেনারেল রাজীব ষাই বলেছেন যে অপারেশন সিন্দুরের সময় ভারতীয় বিমানবাহিনী প্রায় ১২-১৩টি পাকিস্তানি সামরিক বিমান ভূপাতিত করেছে এবং এই অপারেশনের সময় সশস্ত্র বাহিনী ১০০ জনেরও বেশি সন্ত্রাসী বাদীকে নিষ্ক্রিয় করেছে।

গতকাল নয়াদিল্লিতে ইউএনটিসিসি কনক্লেভে ৩২টি জাতিসংঘের সেনাপ্রধান এবং প্রতিনিধিদের উদ্দেশ্যে ভাষণ দেওয়ার সময় লেফটেন্যান্ট জেনারেল ষাই বলেন, অপারেশন সিন্দুর ছিল ত্রি-বাহিনীর অভিযান। তিনি উল্লেখ করেন এই অপারেশন সামরিক নির্ভুলতা, কূটনৈতিক তৎপরতা, তথ্যগত শ্রেষ্ঠত্ব এবং অর্থনৈতিক উত্তোলনের মিশ্রণ।

* * * * *

Red Run :

এইচ আই ভি/এইডস রোগ প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে আগামীকাল সিপাহীজলা জেলাভিত্তিক ১০ কিমি দূরব্রহ্ম ম্যারাথন দৌড় "রেড রান" অনুষ্ঠিত হবে। এই দৌড় সিপাহীজলা চিড়িয়াখানার প্রধান গেট থেকে শুরু হয়ে চিড়িয়াখানার অধিকর্তার কার্যালয়ের সামনে গিয়ে শেষ হবে।

Science Drama-Unakoti :

ত্রিপুরা রাজ্য বিজ্ঞান ও প্রযুক্তি পর্ষদের অর্থনুকূলে ও বিদ্যালয় শিক্ষা দপ্তরের ব্যবস্থাপনায় গতকাল কৈলাশহরের উনকোটি কলাক্ষেত্রে বিজ্ঞান নাটক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন কৈলাশহর পুর পরিষদের ভাইস চেয়ারম্যান নীতিশ দে। উনকোটি জেলার ১২টি বিদ্যালয়ের ১২টি নাট্যদল এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করে।

Ranji Trophy :

ত্রিপুরা ও সার্ভিসেসের মধ্যে রঞ্জি ট্রফির ঢারদিনের খেলা আজ থেকে শুরু হচ্ছে। দিল্লিতে এই ম্যাচটি হবে। এম্যাচে অংশ নিতে মণিশংকর মুড়াসিং-এর নেতৃত্বে রাজ্যদল দিল্লিতে রয়েছে।

Weather :

রাজ্য থেকে গতকাল আনুষ্ঠানিকভাবে বর্ষা বিদায় নিয়েছে। এবারের বর্ষা মরশ্মে বৃষ্টিপাত্রের পরিমাণ ১ হজার ৪৫১ দশমিক ৭ মিলিমিটার।

আজ আকাশ আংশিক মেঘলা থাকবে। ভোরের দিকে কুয়াশা ছিল। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৪.৯ ডিগ্রী সেলসিয়াস।
